গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
প্রোগ্রামার: আইসিটি শাখা
www.eedmoe.gov.bd
শিক্ষা ভবন (দ্বিতীয় ব্লক) নবাব আব্দুল গনি রোড, ঢাকা।

**জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল বাস্তবায়নের লক্ষ্যে ২য় ত্রৈমাসিকের (অক্টোবর - ডিসেম্বর, ২০২৩) 'অংশীজনের অংশগ্রহণে' সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ দেলোয়ার হোসেন মজুমদার<br>প্রধান প্রকৌশলী |
| সভার তারিখ | ১৮ ডিসেম্বর ২০২৩। |
| সভার সময় | বিকাল ০৩.০০ টা। |
| স্থান | সভাকক্ষ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর। |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক"। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। অতঃপর তিনি সভা পরিচালনার জন্য প্রোগ্রামার, জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ-কে অনুরোধ করেন। নির্দেশনা অনুযায়ী সভায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪-এর ২য় ত্রৈমাসিক (অক্টোবর' ২৩ - ডিসেম্বর' ২৩)-এর কার্যক্রমসমূহ ক্রম অনুযায়ী উপস্থাপন করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | শিক্ষা প্রতিষ্ঠানের কাজ যথাসময়ে সমাপ্তকরণ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) জনাব এ কে এম আফতাব হোসেন প্রামানিক আলোচনায় অংশ নিয়ে বলেন SDG এর মূল বার্তাই হলো কোয়ালিটি। বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠানের যে উন্নয়নের অগ্রযাত্রা সেখানে EED মূখ্য ভূমিকা পালন করছে। EED একটি ইউনিফর্ম ডিজাইন প্রণয়ন করেছে যা দেশের সকল স্থানে দৃশ্যমান হয়েছে। | শিক্ষা প্রতিষ্ঠানের নির্মাণ কাজ বাস্তবায়নে যথাসময়ে কাজ সমাপ্ত, কাজের মান নিশ্চিত এবং ঠিকাদারগণের পাওনা বিল যথাসময়ে প্রদান নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলী, ডেস্ক ১/২/৩/৪ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | ভবন নির্মাণ কাজের মান নিশ্চিতকরণ | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয় কর্তৃক আয়োজিত স্টেকহোল্ডারগণের সাথে সভায় দোলাইরপাড় উচ্চ বিদ্যালয়, শ্যামপুর, ঢাকা এর প্রধান শিক্ষক জনাব মোঃ হারুন অর রশিদ মোল্লা জানান তাঁর প্রতিষ্ঠান ৬ তলা ভিত বিশিষ্ট একটি ভবন নির্মাণ করা হয়েছে। ভবনের অবকাঠামো দৃষ্টিনন্দন ও সুন্দর হয়েছে। নির্মাণ কাজের মানও সন্তোষজনক। ঠিকাদার ও প্রকৌশলীগণ নির্মাণ কাজ বাস্তবায়নের লক্ষ্যে আন্তরিকাতার সাথে কাজ করেছেন। ঠিকাদার প্রতিষ্ঠান মেসার্স এইচ. কে. ইন্টারন্যাশনাল এর মালিক সভায় সংযুক্ত ছিলেন। | শিক্ষা প্রতিষ্ঠানের নির্মাণ কাজের মান যথাযথভাবে নিশ্চিত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, ঢাকা মেট্রো |
| ০৩ | নির্মাণ কাজের ঠিকাদারি বিল প্রদান সংক্রান্ত | প্রধান শিক্ষক জনাব আশরাফ হোসেন, বরুহা উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল বলেন বিদ্যালয়ের নির্মাণ কাজের অগ্রগতি ভালো, কাজের মানও সন্তোষজনক। সংশ্লিষ্ট ঠিকাদারি প্রতিষ্ঠান জানায় যে, জুন মাসের মধ্যে কার্যসমাপ্ত হবে কিন্তু তিনি কাজের বিল পাননি। জবাবে প্রধান প্রকৌশলী বলেন বর্ণিত কাজটি ৭০১৬ পরিচালন বাজেটের অন্তর্ভুক্ত একটি নির্মাণ কাজ। উক্ত কোডে আর্থিক বছর অনুযায়ী বরাদ্দ প্রদান করা হয়। জুন মাসের মধ্যে বরাদ্দ পাওয়া যাবে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিল পরিশোধ করা হবে। প্রতিষ্ঠান প্রধান বিদ্যালয় ভবনটি বরাদ্দ করায় সরকার ও ইইডিকে ধন্যবাদ জানায়। | নির্বাহী প্রকৌশলী কার্যাদেশ অনুযায়ী সম্পাদিত কাজের বিল বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে যথাযথ নিময় অনুসারে প্রদান করবেন। | নির্বাহী প্রকৌশলী, টাঙ্গাইল। |
| ০৪ | নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সমাপ্তকরণ | প্রধান শিক্ষক রায় বাহাদুর শ্রীনাথ ইনস্টিটিউশন, মুন্সিগঞ্জ বলেন কাজ নির্ধারিত সময়ের মধ্যে হয়েছে। উক্ত কাজটি করেছে মেসার্স আইডিয়াল এন্টারপ্রাইজ। কাজের মান খুব ভালো এবং কাজের মান যাচাইপূর্বক তিনি ভবনটি বুঝে নিয়েছেন। | নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন হয়েছে। | নির্বাহী প্রকৌশলী, মুন্সিগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার বস্থাপনা এবং তথ্য অধিকার আইন সংক্রান্ত | সভায় প্রধান কার্যালয়সহ সার্কেল ও জেলা অফিসসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করার জন্য বলা হয়। প্রাপ্ত অভিযোগ সমূহের নিষ্পত্তি করে মাসিক ও ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন প্রদান করতে হবে। তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী নাগরিকগণের তথ্য সময়মত প্রদান করতে হবে। | সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন কার্যক্রম সমূহ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী (সকল), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল)। |

২.০ সভায় সভাপতির বক্তব্যে প্রধান প্রকৌশলী জনাব মোঃ দেলোয়ার হোসেন মজুমদার বলেন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কাজ সবসময় স্বচ্ছ থাকে। এ অধিদপ্তরের প্রণীত ডিজাইন সবার জন্য উন্মুক্ত। সরকারের ব্যয় ব্যবস্থাপনাও স্বচ্ছ হয়েছে। পরিচালন বাজেটের আওতায় ৭০১৬ কাজের বরাদ্দ সাপেক্ষে বিল পরিশোধ করা হবে মর্মে সভায় জানান। অন্যান্য কাজের বিল নিয়মিতভাবে পরিশোধ করা হচ্ছে।

৩.০ অতঃপর তিনি সভায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্ত ঘোষণা করেন।

০৮-০১-২০২৪
মোঃ দেলোয়ার হোসেন মজুমদার
প্রধান প্রকৌশলী
০২-২২৩৩৮২৮৫৬ (ফোন)
০২-২২৩৩৮২৮৫৬ (ফ্যাক্স)
ce@eedmoe.gov.bd

তারিখ: ২৪ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০৮ জানুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩৭.০৭.০০০০.০১৯.৩২.০০৪.২৩.৮

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। যুগ্মসচিব, পারফর্মেন্স, উদ্ভাবন ও সেবা উন্নয়ন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/......... সার্কেল;
৬। উপপরিচালক (প্রশাসন), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
৭। উপপরিচালক, অর্থ (অতিরিক্ত দায়িত্ব), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
৮। নির্বাহী প্রকৌশলী (পুর): ডেস্ক- ১/২/৩/৪, ডিজাইন/বিদ্যুৎ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/...... জেলা;
৯। প্রোগ্রামার, আইসিটি শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১০। সহকারী প্রকৌশলী: পুর/ডিজাইন/বিদ্যুৎ/যান্ত্রিক, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
১১। প্রধান প্রকৌশলীর স্টাফ অফিসার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
১২। হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
১৩। উপসহকারী প্রকৌশলী: পুর/যান্ত্রিক/বিদ্যুৎ, উপসহকারী স্থপতি/ড্রাফটসম্যান, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
১৪। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
১৫। সহকারী প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১৬। জনাব,......................................................;
১৭। পিএ টু প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (প্রধান প্রকৌশলীর মহোদয়ের জ্ঞাতার্থে) এবং

১৮। পিএ টু পরিচালক (প্রশাসন ও অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (পরিচালক মহোদয়ের জ্ঞাতার্থে)।

০৮-০১-২০২৪
ইফতেখার উদ্দিন আহাম্মদ
প্রোগ্রামার